(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং- ৩১.৪৩.৭০৬৬.০০০.৩০.০০৬.২৬- ২০৭৯

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫.০৭.২০২৬ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ টায় চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় প্রয়াস-ইসিসিসিপি-ফ্লপ প্রকল্পের আওতায় পিকেএসএফ এর অর্থায়নে অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থবছরে খাল/খাড়ী পুন: খননের সময় জলাহার মৌজায় খননকৃত অতিরিক্ত প্রায় ৯০০০ ঘন.মি. মাটি (প্যাকেজ-১) এবং মরিচার ডারা খালে অতিরিক্ত বাম তীরে ৫০০০ ঘন.মি. (প্যাকেজ-২) ও ডান তীরে ৫৫০০ ঘনমিটার (প্যাকেজ-৩) মাটি নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণে ইচ্ছুক সর্বসাধারণ কে ধার্য তারিখ নির্ধারিত সময়ে উপজেলা ভূমি অফিস চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ এ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**শর্তসমূহ:**

০১. ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাককারী ব্যতীত জামানতের টাকা ডাক শেষে ফেরত দেওয়া হবে।

০২. ডাক শেষে ডাকের সমুদয় টাকা এবং উহার উপর ১০% আয়কর ও ১৫% হারে ভ্যাট তাৎক্ষনিক ভাবে জমা দিতে হবে। জমা দিতে ব্যর্থ হলে পর্যায়ক্রমে ২য়, ৩য় ডাককারীকে অগ্রাধিকার দেওয়া হবে।

০৩. ডাক মূল্য সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ/উর্ধ্বতন কর্তৃপক্ষ বিনা নোটিশে ডাক বাতিল করে পুনরায় ডাকের ব্যবস্থা করার ক্ষমতা রাখেন।

০৪. নিলাম অনুমোদনের ৭ দিনের মধ্যে নিলামকৃত মাটি অপসারণ করতে হবে।

০৫. মাটি অপসারণ নিজ দায়িত্বে করতে হবে।

০৬. মাটি অপসারণ করতে গিয়ে রাস্তাঘাট ও কৃষিজমির ক্ষতি করা যাবে না এবং জনসাধারণের বিরক্তি/উদ্রেক/পরিবেশের ক্ষতি করা যাবে না।

০৭. নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে মাটির অবস্থান, পরিমাণ, অপসারণের সম্ভাব্যতা ইত্যাদি যাচাইক্রমে নিশ্চিত হয়ে নিলামে অংশগ্রহন করতে হবে।

০৮. নিলামের যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা নিম্ন স্বাক্ষরকারী সংরক্ষণ করে।

১২/০৭/২৬
(মোঃ ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং- ৩১.৪৩.৭০৬৬.০০০.৩০.০০৬.২৬- ২০৭৯/১(৮)

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁপাইনবাবগঞ্জ
২। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর
৫। ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ঝিলিম/বালিয়াডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। তাকে নোটিশটি সংশ্লিষ্ট মৌজা এলাকায় ব্যাপক প্রচার করে ধার্য তারিখের পূর্বে জারীর প্রতিবেদন ফেরত দিতে বলা হলো।
৬। নাজির এ কার্যালয় (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৭। প্রজেক্ট কো-অর্ডিনেটর (ইসিসিসিপি-ফ্লাড), প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি
৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

১২/০৭/২৬
(মোঃ ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ